

আফগানিস্তানের চিফ এক্সিকিউটিভ

ড. আবদুল্লাহ আবদুল্লাহের সফর

১) মান্যবর ড. আবদুল্লাহ আবদুল্লাহ, আফগানিস্তান ইসলামি প্রজাতন্ত্রের চিফ এক্সিকিউটিভ ভারত সফরে এসেছিলেন জানুয়ারি ৩১ থেকে ফেব্রুয়ারি ৪, ২০১৬। ১ ফেব্রুয়ারি তিনি দেখা করেন প্রধানমন্ত্রীর সঙ্গে এবং তাঁদের সঙ্গে দু'দেশের স্বার্থ সংশ্লিষ্ট দ্বিপাক্ষীক, আঞ্চলিক এবং বিশ্বজনিন বিষয় নিয়ে আলোচনা হয় এর মধ্যে ছিল নিরাপত্তা পরিস্থিতি ও শান্তি এবং আফগানিস্তানে পুনর্গঠন সংক্রান্ত প্রসঙ্গ। ইএএম এবং এনএসএ এর সঙ্গে মান্যবর ড. আবদুল্লাহ সাক্ষাৎ করেন যথাক্রমে ফেব্রুয়ারি ১ এবং ৪ তারিখ।

২) চলমান রাজনীতি, নিরাপত্তা এবং অর্থনৈতিক রূপান্তরের সময়ে সম্ভাব্য সব উপায়ে আফগানিস্তানের পাশে দাঁড়ানোর ব্যাপারে ভারত যে অঙ্গীকারবদ্ধ, তা আরও একবার ব্যক্ত করা হয়। দুই পক্ষই জোরালোভাবে আফগানিস্তান এবং ভারতের পাঠানকোটে সন্ত্রাসবাদী হামলার নিন্দা করে এবং ওই অঞ্চলে সন্ত্রাসবাদের সম্ভাব্য প্রতিটি পথ বন্ধ করে শান্তি ও স্থিতিশীলতার জন্য সমর্থন এবং প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেন।

৩) পূর্ব সূত্র ধরে আফগানিস্তানের সঙ্গে দ্বিপাক্ষিক উন্নয়ন সহযোগিতা প্রসঙ্গে ৯২ প্রকল্পের সমন্বয় ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প ওয় পর্যায়ে উন্নীত করার সিদ্ধান্ত অনুমোদন করে ভারত সরকার। দুই পক্ষই ইরানের চাহবাহার বন্দরের মাধ্যমে সংযোগ গড়ে তোলার ব্যাপারটিতে অগ্রাধিকার দেয়।

৪) দুই দেশের কৃটনেতিক পাসপোর্টধারীদের জন্য ভিসার প্রয়োজনীয়তার হাত থেকে রেহাই দিতে একটি চুক্তি স্বাক্ষর করেন।

৫) ৩ ফেব্রুয়ারি, মান্যবর ড. আবদুল্লাহ ভারতের তিন নেতৃস্থানীয় বাণিজ্য ও শিল্প সংস্থা—অ্যাসেচেম, সিআইআই এবং এফআইসিসিআই এর প্রতিনিধিদের সঙ্গে ঘোষভাবে বাক্য বিনিময় অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

৬) মান্যবর ড. আবদুল্লাহ জয়পুরে সন্ত্রাসবাদ প্রতিরোধ সংক্রান্ত এক সম্মেলনে তাঁর গুরুত্বপূর্ণ বক্তব্য পেশ করেন, যেখানে উদ্বোধনী ভাষণ দিয়েছিলেন রাষ্ট্রপতিজি।

নয়াদিল্লি

ফেব্রুয়ারি ৪, ২০১৬